শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ
রংপুর সদর, রংপুর।

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২১- ৫৯৬ তারিখ- ০৯/০৯/২০২১ খ্রি.

## সভার নোটিশ

আগামী ১৫/০৯/২০২১খ্রিঃ তারিখ রংপুর সদর উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২১ মাসের সভা বেলা ১১.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন উপজেলা পরিষদের সম্মানীত চেয়ারম্যান জনাব মোছাঃ নাছিমা জামান ববি।

সংশ্লিষ্ট সদস্য ও কর্মকর্তাগণকে স্ব-স্ব বিভাগের কার্যপত্রসহ নির্ধারিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সুচি:**

০১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। গত সভার সিদ্ধান্ত সমূহের অগ্রগতি পর্যালোচনা।
০৩। কমিটির নিয়মিত সভা সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ সম্পর্কে আলোচনা।
০৪। কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৫। নতুন আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন সম্পর্কে অবহিত করন।
০৬। মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৭। UDCC সভা সম্পর্কে আলোচনা।
০৮। ইউনিয়নের বিভিন্ন অভিযোগ সম্পর্কিত আলোচনা।
০৯। রংপুর সদর উপজেলার স্কাউট কমিটির প্রতিনিধিকে পরিষদ সভায় অন্তর্ভূক্ত করণ সম্পর্কে আলোচনা।
১০। আনসার সদস্যদের আবাসনের জন্য ব্যারাক নির্মাণ সংক্রান্ত আলোচনা।
১১। বিবিধ।

০৯/০৯/২০২১
(মোছাঃ নুর নাহার বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন নম্বর-০৫২১-৬২১১৬

প্রাপক :.......................................................

.......................................................
রংপুর সদর, রংপুর।

**বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে**

১। মাননীয় সংসদ সদস্য-২১, রংপুর-৩ আসন।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, রংপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
৬। নোটিশ বোর্ড................................................... অফিস।
৭। অফিস সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রংপুর সদর, রংপুর। তাকে পত্রটি উপজেলা ওয়েব পোটালে আপলোড করার জন্য বলা হলো।
৮। অফিস কপি।

# সেপ্টেম্বর-২১ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী
## রংপুর সদর, রংপুর।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছাঃ নাছিমা জামান ববি<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>রংপুর সদর, রংপুর। |
| তারিখ | : | ১৫/০৯/২০২১খ্রিঃ। |
| সময় | : | সকাল : ১১.০০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভার শুরুতে নবাগত উপজেলা নির্বাহী অফিসার জনাব মোছাঃ নুর নাহার বেগম সভাপতির আসন গ্রহণ করার জন্য অনুরোধ জানালে জনাব মোছাঃ নাছিমা জামান ববি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভাপতির আসন গ্রহণ করেন এবং স্বাগত বক্তব্য রাখেন। বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তের জন্য সকল সদস্য ও কর্মকর্তাকে অনুরোধ জানান। সকল কর্মকর্তা নিজ বিভাগের গুরুত্বপূর্ণ বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা করেন। আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | আলোচনা | উপজেলা কমিটির সিদ্ধান্ত | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস :**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রংপুর সদর, রংপুরের প্রতিনিধি সভায় জানান যে, কোভিড-১৯ ভ্যাকসিন সুষ্ঠুভাবে চলছে। গত ০৭/০৮/২১খ্রিঃ তারিখে গণক্যাম্পেইনের মাধ্যমে ২৩৮০জনকে প্রথম ডোজ প্রদান করা হয়। এরেই ধারাবাহিকতায় গত ০৭/০৯/২০২১তারিখে ২১৪৮জনকে এবং পরবর্তীতে ৩৩জনকে ২য় ডোজ প্রদান করা হয়।<br>তিনি আরো বলেন যে, টিকা রেজিস্ট্রেশন করার পর মোবাইলে মেসেজ পেলে ভালো। কিন্তু মেসেজ না পেলে ১ সপ্তাহ পর কেন্দ্রে টিকা কার্ডসহ যোগাযোগ করে টিকা গ্রহণ করা যাবে।<br>চেয়ারম্যান, হরিদেবপুর ইউপি সভায় বলেন যে, তার ইউনিয়নে কোভিড-১৯ টিকাদান কেন্দ্র স্থাপন করায় সংশ্লিষ্টদের প্রতি কৃতজ্ঞা প্রকাশ করেন।<br>তিনি আরও বলেন যে, এই স্বাস্থ্যসেবা কেন্দ্রটি স্বাধীনতার আগে টিনসেড বিল্ডিং নির্মাণ করা হয়েছে। স্বাস্থ্যসেবা কেন্দ্রটির জমির পরিমাণ ৫২ শতক। উক্ত জায়গায় একটি ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল স্থাপনের জন্য সভায় অনুরোধ জানান।<br>তিনি আরও বলেন যে, প্রতিদিন ৮০০ জনকে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান করা হয়। ভ্যাকসিন | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সুপারিশ সমূহ:<br>১) সুখী পরিবার ভিত্তিক গ্রাম প্রতিষ্ঠার লক্ষ্যে পরিবার কল্যাণ সংঘ সদস্যগণকে পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান (প্রতি ইউনিয়নে ১টি করে গ্রাম)<br>২) মমিনপুর ও চন্দনপাট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রবেশের জন্য প্রধান রাস্তা হতে এ্যাপ্রোচ রোড নির্মাণ।<br>৩) রংপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের ত্রিশোর্ধ্ব বিবাহিত নারীগণের জরায়ুমুখে ক্যান্সার (স্ক্রিনিং) ভাষা টেস্ট) শীর্ষক প্রকল্প বাস্তবায়ন | ১) অতিরিক্ত জনগণের আগমনের ফলে কোভিড-১৯ টিকাদান কেন্দ্রে কোন ধরনের অপ্রীতিকর ঘটনা না ঘটে সেদিকে সংশ্লিষ্টদের সজাগ থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) সদ্যপুস্করিনী ইউনিয়নের সিএইচসিপি মিসেস মাহমুদা বেগমের নামে আনিত অভিযোগটি তদন্ত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) হরিদেবপুর ইউনিয়নের স্বাস্থ্যসেবা কেন্দ্রটি ১০ শয্যা হাসপাতাল করার প্রস্তাবনা স্বাস্থ্য মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |

চলমান পাতা-০২

| | | | | |
|---|---|---|---|---|
| | গ্রহণকারীর সংখ্যা আরও বেশি হওয়ার কারণে প্রতিদিন পুলিশের সহযোগিতা নিতে হয়। কোভিড-১৯ টিকা সংখ্যা বৃদ্ধি করার জন্যও অনুরোধ করেন।<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, কোভিড-১৯ এর টিকা সংখ্যা বৃদ্ধির কোন সুযোগ নেই। প্রতিদিন যে সকল ভ্যাকসিন প্রদান করা হয় তা অনলাইনে পোষ্টিং করতে হয়। ১০ শয্যা হাসপাতাল নির্মাণের বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং অধিদপ্তরের সিদ্ধান্ত সেখানে UHFPO দপ্তরের কিছু করণীয় নেই।<br>উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, অতিরিক্ত জনগণের আগমনের ফলে কোভিড-১৯ টিকাদান কেন্দ্রে কোন ধরনের যেন, অপ্রীতিকর ঘটনা না ঘটে সে দিকে সজাগ থাকার অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, বর্তমানে সদ্যপুস্করিনী ইউনিয়নের চেয়ারম্যান মোঃ সোহেল রানার স্ত্রী সিএইচসিপি মিসেস মাহমুদা বেগম তার স্বামী সোহেল রানার ভোট না করায় তাদের বাচ্চাদের টিকা প্রদান করতে দেয় নাই।<br>তিনি আরো বলেন যে, বিভিন্ন জায়গা থেকে দুগ্ধবতী মা এবং গর্ভবতী মা কোভিড-১৯ টিকা প্রদান করা হচ্ছে না আসলে তারা কোভিড-১৯ এর টিকা প্রাপ্তির যোগ্য কি না।<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি সভায় বলেন যে, দুগ্ধবতী মা এবং গর্ভবতী মা 2nd Trimester এ টিকা প্রাপ্তির যোগ্য সেক্ষেত্রে সম্মতিপত্র বাধ্যতামূলক। | | | |
| ০২ | **<u>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস</u>**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, আইইউডি এর লক্ষ্যমাত্রা ১০২, অর্জন-২৫, ইমপ্লান্ট লক্ষ্যমাত্রা-১২৫ অর্জন-১০৭জন, স্থায়ী পদ্ধতি লক্ষ্যমাত্রা- ৮১, অর্জন-৬৩জন। গর্ভবতীর পরিচর্যা লক্ষ্যমাত্রা- ২৫৮২, অর্জন- ২৯৮৯জন। ডেলিভারী লক্ষ্যমাত্রা-৩৩৯, অর্জন- ৪৩৭জন। প্রসবোত্তর সেবা লক্ষ্যমাত্রা-১৩৮০, অর্জন- ১০৭৭জন। শিশু পরিচর্যা লক্ষ্যমাত্রা-৩৪১৭, অর্জন- ৩৮০৯জন।<br>তিনি আরও বলেন যে, FWC ইউনিয়নগুলো খোলা আছে এবং সেবা দেয়া হচ্ছে বিষয়টি প্রচারের জন্য | | লক্ষ্যমাত্রা অর্জনসহ সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | **উপজেলা জনস্বাস্থ্য অফিস**<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সুপারিশ সমূহ<br>১) ০৫টি ইউনিয়নেহাত ধোয়া ও পুষ্টি বিষয়ে বিভিন্ন স্থানে ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামুলক সভা সেমিনার বা আলোচনা সভা করে সাধারণ জনগণকে শতভাগ হাইজিন অভ্যাস ও শতভাগ অপুষ্টি বিষয়ে সচেতনতা করে তুলতে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। | আগামী সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর। |
| ০৪ | **উপজেলা প্রাণিসম্পদ অফিস**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |
| ০৫ | **সিনিয়র উপজেলা মৎস্য অফিস**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, আফরিকান মাগুর এবং পিরহানকা মাছ বাজারে বেশি দেখা যাচ্ছে। এ মাছ চাষ করা এবং ক্রয় বিক্রয় আইনত দন্ডনীয়। বিধায় বিষয়টি সম্পর্কে জনগণকে সচেতনতা মূলক প্রচারনা করার জন্য সভায় অনুরোধ করেন।<br>তিনি আরও বলেন যে, মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নের জন্য রংপুর সদর উপজেলাধীন ও সিটি কর্পোরেশনের বিভিন্ন হাট-বাজার অভিযান পরিচালনা করা হচ্ছে। আগামী ০৪ অক্টোবর/২১ হতে ২১ অক্টোবর/২১ পর্যন্ত মা ইলিশ ধরা বন্ধ থাকবে বলে সকলকে অগত করেন। | | হাট-বাজারগুলোতে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ০৬ | **উপজেলা কৃষি অফিস**<br>উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, সারের মজুত সন্তোষজনক আছে এবং মাসকালাই বীজ প্রদানে আগ্রহী থাকলে তাদের নামে তালিকা প্রেরণের জন্য অনুরোধ করেন।<br>তিনি আরও বলেন যে, কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ২০২০-২১ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে ৭১০জন কৃষকের মাঝে বিনামূল্যে রোপা আমন বীজ ও সার বিতরণ করা হয়েছে। ১৫জন কৃষকের মাঝে নাবী পাট বীজ ও সার, ৩০জন কৃষককে গ্রীষ্মকালীন পেয়াজের বীজ, চারা ও সারসহ অন্যান্য উপকরণ সহায়তা দেয়া হয়েছে।<br>তিনি আরও বলেন যে, বর্তমানে রোপা আমন ধানের পাতা হলুদ রঙের হয়ে যাচ্ছে সে ক্ষেত্রে প্রতি লিটার পানিতে ৬ গ্রাম সালফার এবং ৬ গ্রাম এমওপি সার মিসিয়ে পানি স্প্রে করার পরামর্শ প্রদান করেন।<br>তিনি আরও বলেন যে, রাসায়নিক সারের মজুদ পর্যাপ্ত পরিমাণে আছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | ১) মাঠ পর্যায়ে কৃষকদের পরামর্শ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) রাসায়নিক সারের বাজার নিয়মিত পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | **বরেন্দ্র বহুমুখী উন্নয়ন (বিএমডিএ)**<br>উপ-সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর |
| ০৮ | **উপজেলা খাদ্যনিয়ন্ত্রক দপ্তর**<br>উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর সভায় বর্তমানে খাদ্য মজুত পর্যাপ্ত পরিমানে আছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, রংপুর সদর উপজেলার জন্য বরাদ্দকৃত ১৫৩টি রেশন কার্ডের তালিকা নীতিমালা অনুযায়ী প্রদান করার পরামর্শ প্রদান করেন এবং তিনি বলেন যে, তাঁর নিকট এ রেশন তালিকা সম্পর্কে মমিনপুর ইউনিয়নের ইউপি সদস্যগণ কর্তৃক লিখিত অভিযোগ দাখিল করেছেন। অভিযোগের বিষয়টি তদন্ত স্বাপেক্ষে ব্যবস্থা নেয়ার পরামর্শ প্রদান করেন। | | রেশন কার্ডের তালিকা সম্পর্কে মমিনপুর ইউনিয়ন হতে প্রাপ্ত অভিযোগের বিষয়টি তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর |
| ০৯ | **উপজেলা প্রকৌশলী**<br>উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>চেয়ারম্যান, ২নং হরিদেবপুর ইউপি সভায় বলেন যে, পাগলাপীর হতে লাহিড়ীরহাটগামী রাস্তাটি দিয়ে প্রতিদিন শতশত লোকজন যাতায়াত করে থাকে। বর্তমানে রাস্তাটি ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য সভায় অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর বলেন যে, চলতি অর্থ বছরে উপজেলা পরিষদ কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের সরকারী বাসভবন, ইউটিডিসি নতুন ও পুরাতন ভবন এবং তিস্তা ভবন মেরামত করার জন্য বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ দ্বারা ভবনাদি মেরামত করার জন্য মতামত ব্যক্ত করেন।<br>তিনি আরও বলেন যে, উপজেলা পরিষদ কার্যালয় মেরামত ও উপজেলা নির্বাহী অফিসারের এট্যাস্ট বাথরুম নির্মাণের বরাদ্দটি আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়ন করার জন্য মতামত ব্যক্ত করেন।<br>তিনি আরও বলেন যে, ইতিপূর্বে তিস্তা ভবন মেরামত করা হয়েছিল। কিন্তু ফুলেশ্বরী ভবন মেরামত করা হয়নি। বিধায় তিস্তা ভবনের মেরামত করার প্রাপ্ত বরাদ্দ দ্বারা ফুলেশ্বরী ভবন মেরামত করার মতামত ব্যক্ত করেন। | | ১) পাগলাপীর হতে লাহিড়ীর হাটগামী রাস্তা মেরামত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>২) উপজেলা পরিষদ কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের সরকারী বাসভবনে এ্যাটাষ্ট বাথরুম নির্মাণের বরাদ্দ আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>৩) তিস্তা ভবনের নামে বরাদ্দকৃত অর্থ দ্বারা ফুলেশ্বরী ভবন মেরামত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশল, রংপুর সদর, রংপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, ১২ সেপ্টেম্বর/২১ হতে বিদ্যালয়গুলো পাঠদান কার্যক্রম চালু করা হয়েছে। অনেক বিদ্যালয়ে তাপমাত্রা নিণয় করার জন্য থার্মমিটার নেই। বিদ্যালয়গুলোতে থার্ম মিটার প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | | বিদ্যালয়গুলোতে থার্মমিটার সরবরাহ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ১১ | **উপজেলা শিক্ষা অফিস**<br>উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের নির্দেশনা মোতাবেক গত ০৮ সেপ্টেম্বর ২১ এ বিদ্যালয় পরিস্কার করা হয় এবং ১২ সেপ্টেম্বর/২১ বিদ্যালয়গুলো খোলা নিশ্চিত করা হয়। কোভিড-১৯ এর বিস্তাররোধকল্পে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার এবং বিশুদ্ধ পানির ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে। বিদ্যালয়গুলো নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, ফতেপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিদ্যালয় সংলগ্ন একটি মুরগীর খামার স্থাপন করেছে। ফলে পরিবেশ মারাত্মকভাবে দুষিত হচ্ছে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পাঠদানে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। এ মুরগীর খামারটি বন্ধ করার জন্য গুরুত্বারোপ করেন। | | ফতেপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক বিদ্যালয় সংলগ্ন মুরগীর খামার অন্যত্র স্থানান্তর করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যথায় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ১২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |
| ১৩ | **উপজেলা সমাজসেবা অফিস**<br>উপজেলা সমাজসেবা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, রংপুর সদর উপজেলা শতভাগ বয়স্ক ও বিধবা ভাতা অনলাইনে ২৬১৫জন বয়স্ক এবং ৩২৮৯জন বিধবা ভাতার জন্য মোট ৫৯০৪জন আবেদন করেছেন। আবেদন সংক্রান্ত তথ্যাদি যাচাই করা হচ্ছে।<br>তিনি আরও বলেন যে, ৩০শে সেপ্টেম্বর/২১ এর মধ্যে প্রতিবন্ধী যাচাই বাছাই করতে হবে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, যারা অনলাইনে আবেদন করেছেন তাদের কোন ধরনের টাকা প্রদান করতে হবে না এ সংক্রান্ত মাইকিং করার জন্য পরামর্শ প্রদান করেন।<br>তিনি আরও বলেন যে, ইতিপূর্বে এমআইএস করার সময় যে সকল ভাতাভোগীর নাম বাদ পড়েছে তাদের ভাতা প্রদানে বিষয়টি নিশ্চিত হতে হবে। | | শতভাগ ভাতা প্রদানের ক্ষেত্রে কোন প্রকার অনিয়ম না হয় সেদিকে সজাগ থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার/ইউপি চেয়ারম্যানবৃন্দ, রংপুর সদর, রংপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | **উপজেলা যুব উন্নয়ন অফিস**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, সরকারী রাজস্ব খাতের আওতায় ১৪টি প্রশিক্ষণ প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে পত্র পাওয়া গেছে। বরাদ্দ প্রাপ্তিস্বাপেক্ষে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম শুরু করা হবে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৫ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মাতৃত্বভাতা খলেয়া ইউনিয়ন ব্যতীত অন্যান্য ০৪টি ইউনিয়ন হতে তালিকা পাওয়া গেছে। আগামী ২৫ তারিখ পর্যন্ত মাতৃত্বকালীন ভাতা অনলাইনে পোষ্টিং দেয়ার সময় বৃদ্ধি করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | মাতৃত্বকালীন ভাতার তালিকা জরুরী ভিত্তিতে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |
| ১৬ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, কোভিড-১৯ প্রনোদনা এসএমই ঋণ বিতরণ ৬৯লক্ষ টাকা, পিআরডিপি-৩ প্রকল্পের হরিদেবপুর ইউপিতে ০৬টি এবং সদ্যপুস্করিনী ইউপিতে-০৩টি সর্বমোট০৯টি স্কীম বাস্তবায়িত হয়েছে। তিনি আরও বলেন যে, উদকনিক প্রকল্পে ২১তম ব্যাচ সম্পন্ন হয়েছে। এছাড়ও প্রশিক্ষণ, ঋণ কার্যক্রমসহ বিভাগীয়ন অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৭ | **উপজেলা সমবায় অফিস**<br>উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মানব সম্পদ উন্নয়নের জন্য কাজ করে। বর্তমানে কার্যকরী সমিতি ৪৭৫টি। বিভাগীয় ৩০০টি এবং বিআরডিবি ১০০টি সমিতি।<br>তিনি আরও বলেন যে, অডিট ফি প্রায় ৩লক্ষ টাকা ধার্য্য করা হয়েছে। প্রায় ৭৫% শতাংশ অডিট ফি আদায় করা হয়েছে। নিয়মিত আবাসনগুলো পরিদর্শন করে আসছি। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>তিনি আরও বলেন যে, কিছু কিছু সমিতি আছে যারা সমবায় নিবন্ধন নিয়ে মহামান্য হাইকোট হতে একটি আদেশ নিয়ে ঋণ কার্যক্রম পরিচালনা করেছিল। বর্তমানে মহামান্য হাইকোর্ট বিভাগ থেকে এ ধরনের সমবায় সমিতি ঋণের কার্যক্রম পরিচালনা করতে পারবে না মর্মে আদেশ জারী করেছেন। | | ১) সমিতির অডিট ফি ১০০% আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) সমবায় সমিতি কর্তৃক ব্যাংকিং কার্যক্রম বন্ধের বিষয়টি ব্যাপক প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সমবায় সমিতিতে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) জমির উদ্দিন আবাসন সম্পর্কে তথ্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, মামলা খারিজের বিষয়টি অবহিত করে ব্যাংকের কার্যক্রম বন্ধ করার ব্যবস্থা গ্রহণে মতামত ব্যক্ত করেন।<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় বলেন যে, জমির উদ্দিন আবাসন সম্পর্কে আগামী ০৩কার্যদিবসের মধ্যে বর্তমান অবস্থা সম্পর্কে অবহিত করার জন্য গুরুত্বারোপ করেন।<br>তিনি আরও বলেন যে, সদ্যপুস্করিনী ইউনিয়নের পালিচড়া হাটে আজিজ ব্যাংকটিতে জামানত না রাখে বিষয়টি অবহিত করার জন্য পত্র প্রেরণ করার মতামত ব্যক্ত করেন। | | |
| ১৮ | **উপজেলা পরিসংখ্যান অফিস**<br>উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মাসিক কৃষি মজুরী তথ্য সংগ্রহ ও জেলা অফিসে প্রেরণসহ বিভিন্নস্থায়ী অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব প্রেরণ। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর |
| ১৯ | **উপজেলা বন বিভাগ**<br>রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | আগামী সভায় উপস্থিত নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর। |
| ২০ | **উপজেলা আনসার ও ভিডিপি অফিস**<br>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডি৫৫পি অফিসার, রংপুর সদর, রংপুর |
| ২১ | **ইউডিসিসি কমিটির সভা সংক্রান্ত আলোচনা:**<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, ইউডিসিসি কমিটির সভার মাধ্যমে প্রকল্প তালিকাসহ অন্যান্য সকল উন্নয়ন মুলক কার্যক্রমের তথ্য আসার কথা। কিন্তু ইউডিসিসি কমিটির সভার কার্যবিবরণী উপজেলায় প্রেরণ করা হয় না। কার্যবিবরণী যথা সময়ে প্রেরণ না করায় উন্নয়নের ইউনিয়ন হতে কি ধরণের প্রকল্প গ্রহণ করা হয়ে থাকে তা জানা যায় না। | ইউডিসিসি কমিটির সভা যথা সময়ে করে তার কার্যবিবরণী উপজেলা পরিষদ কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ২২ | **আনসার সদস্যদের আবাসনের জন্য ব্যারাক নির্মাণ সংক্রান্ত আলোচনা :**<br>উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, রংপুর সদর উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যেদের জন্য ব্যরাক নির্মাণের নিমিত্তে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগ হতে পত্র দেয়া হয়েছে। এমতাবস্থায়, তাদের আবাসন ভবন নির্মাণ করা জন্য উপজেলা পরিষদ চত্বরে সুবিধাজনক স্থান নির্বাচন করা প্রয়োজন। | উপজেলা পরিষদ চত্বরে (উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের নিকটবর্তী) আবাসিক এলাকা (কোয়ার্টার ভবন) এর ফাঁকা জায়গায় আনসারদের আবাসিক ব্যারাক ভবন নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-০৮

| | | | |
|---|---|---|---|
| ২৩ | **বিবিধ :**<br>উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের অনুমোদিত নতুন ভবন নির্মাণের জন্য চুড়ান্তভাবে স্থান নির্বাচন করা হয়েছে। সেখানে বেশ কিছু গাছ থাকায় সেই গাছগুলি কর্তন করা একান্ত প্রয়োজন। | উপজেলা পরিষদের নতুন ভবন নির্মাণের জন্য নির্বাচিত স্থানের গাছগুলো কাটার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং এজন্য যথাযথ নিয়ম ও প্রক্রিয়া অনুসরণ করার সিদ্ধান্ত নেয়া হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর। |
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, উপজেলা পরিষদ হতে মশা নিধন করার জন্য একটি ফগার মেশিন ক্রয় করার মতামত ব্যক্ত করেন। | উপজেলা রাজস্ব তহবিল হতে আর্থিক বিধি বিধান অনুসরণ পূর্বক মশা নিধন করার জন্য ফগার মেশিন ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর। |
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, উপজেলা পরিষদ চত্বর পুকুর পাড়ে গাছ লাগানো হয়েছে। উক্ত গাছগুলো সংরক্ষণের জন্য গাছে খুটি এবং বেড়া দেয়ার জন্য আরএফএল জালী বেড়া ব্যবহার করা হয়। উক্ত কাজে লেবার, বাঁশ এবং জালী বেড়াসহ সর্বমোট ৯৭০০/- (নয় হাজার সাতশত) টাকা ব্যয় হয়। ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | বিস্তারিত আলোচনান্তে গাছে বেড়া দেয়া ব্যয় বাবদ ৯৭০০/- (নয় হাজার সাতশত) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ নাছিমা জামান ববি)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
রংপুর সদর, রংপুর।

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

রংপুর সদর, রংপুর।

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২১- ৬৮৫ তারিখ- ১৫/০৭/২০২১খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২১ রংপুর-৩, রংপুর।

০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বংলাদেশ সচিবালয়, ঢাকা ।

০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, রংপুর।

০৬। পুলিশ সুপার, রংপুর।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর রংপুর।

০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর ।

৯। উপজেলা......................................... অফিসার, রংপুর সদর, রংপুর ।

১০। চেয়ারম্যান....................................... ইউনিয়ন পরিষদ (সকল), রংপুর সদর রংপুর।

১১। জনাব .............................................................

১২। অফিস কপি।

১৫/০৭/২০২১

(মোছাঃ নুর নাহার বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।